গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

পত্র নং- ৩৩.০২.৬১৮৮.৫০১.২৭.০০১.২৪.৩৩৭ তারিখ-২১/০৮/২০২৪ খ্রিঃ

# কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৪- ২০২৫ আর্থিক সালে মহাপরিচালক,মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা মহোদয় হতে বরাদ্দপ্রাপ্ত রাজস্ব খাতের অর্থ দ্বারা ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি / প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তির নিমিত্তে রুই (কার্প) জাতীয় মাছের জীবন্ত পোনামাছ ক্রয়ের জন্য প্রকৃত পোনামাছ উৎপাদনকারী/ সরবরাহকারী/ ব্যবসায়ীগনের নিকট থেকে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে কোটেশন আহবান করা যাচ্ছে। নিজস্ব প্যাডে দরহার উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে আগামী ২৫/০৮/২০২৫ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১৫.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন কোটেশন গ্রহন করা হবে না এবং প্রাপ্ত কোটেশনসমূহ ঐ দিনই ১৫:৩০ ঘটিকায় উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ মহোদয়ের অফিস কক্ষে খোলা হবে।

শর্তাবলীঃ

জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি কর্তৃক নির্ধারিত জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি /প্রাতিষ্ঠানিক জলাশয়সমূহে অবমুক্তির লক্ষ্যে পোনামাছ ও অবমুক্তকরণ কমিটির নিকট সুস্থ্য সবল পোনামাছ সরবরাহ করতে হবে। পোনা মাছ সরবরাহের স্থানঃ ১) উপজেলা পরিষদ পুকুর , ২) তারাকান্দা থানা পুকুর, ৩) রামপুর আশ্রয়ণ প্রকল্প, ৪) দিয়ার বিল, ৫) কালিয়ান বিল, ৬) মৈলানকান্দা বিল।

৩. ১০-১৫ সে.মি. আকারের রুই (কার্প) জাতীয় মাছের পোনা সরবরাহ করতে হবে। পোনামাছের প্রজাতি ভিত্তিক অনুপাত হবে রুই ৩০%, কাতল ৩০%, মৃগেল ২০%,, কালিবাউস ১০%, ঘনিয়া ১০% অর্থাৎ প্রতি কেজি মিশ্রিত পোনামাছের মধ্যে ৩০০ গ্রাম রুই, ৩০০ গ্রাম কাতলা এবং ২০০ গ্রাম মৃগেল, ১০০ গ্রাম কালিবাউস, ১০০ গ্রাম ঘনিয়া থাকতে হবে এবং প্রত্যেক প্রজাতির পোনা মাছ পৃথক ভাবে সরবরাহ করতে হবে।

৪. কোটেশনে প্রতি কেজি মিশ্রিত পোনামাছের মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

৫. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর গৃহীত কোটেশন দাতার সাথে ৩০০/= (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি স্বাক্ষরের পর কার্যাদেশ প্রদান করা হবে এবং কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সমুদয় পোনামাছ সরবরাহ করতে হবে, অন্যথায় চুক্তি ভঙ্গের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৬. পোনামাছ সরবরাহ সমাপ্তির পর নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে এবং কোন আংশিক বিল দাবী করা যাবে না।কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যাতিরেকেই যে কোন বা সকল কোটেশন গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭. বিস্তারিত তথ্যের জন্য উপজেলা মৎস্য অফিসে যোগাযোগ করা যেতে পারে।

২১/০৮/২৪ ইং

(সুরজিৎ পরিয়াল)
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য-সচিব
জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ।

পত্র নং- ৩৩.০২.৬১৮৮.৫০১.২৭.০০১.২৪.৩৩৭/১(৬)

তারিখ-২১/০৮/২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো–

০১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

০২। জেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ।

০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, জলাভূমি নির্বাচন ও পোনা মাছ ক্রয় কমিটি, তারাকান্দা, ময়মনসিংহ।

০৫। উপজেলা ............................ অফিসার, সদস্য, পোনা মাছ গ্রহন কমিটি, তারাকান্দা, ময়মনসিংহ।

০৬।অফিস নথি।

২১/০৮/২৪ ইং

সদস্য-সচিব

জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি

তারাকান্দা, ময়মনসিংহ।

প্যাকেজ নং-২০২৪-২০২৫- ০১

ক.কারিগরি নির্দেশনাঃ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১২৭.১৬.০০৬.২০.৭৮,তারিখ ০৬/০৪/২০২৩ খ্রি: অনুযায়ী জারিকৃত পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অনুমোদিত নির্দেশাবলী -২০২৩ অনুযায়ী মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা মহোদয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.২৪.২৪২৫), তারিখ- ২৬/০৭/২০২৪ খ্রি: পত্রের নির্দেশনা অনুযায়ী ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকার ৩০% রুই, ৩০% কাতল, ২০ %মৃগেল ,১০ % কালিবাউস ও ১০% ঘনিয়া মাছের ১০-১৫ সেন্টিমিটার আকারের সুস্থ সবল পোনা মাছ তারাকান্দা উপজেলার নির্বাচিত জলাশয়ে নিজস্ব ব্যয়ে পৌছিয়ে দিতে হবে। পোনা মাছ গ্রহণ কমিটির সন্তুষ্টি মোতাবেক পোনা মাছ পরিমাপ করত: জীবিত অবস্থায় জলাশয়ে অবমুক্ত করতে হবে। পোনা মাছ অবমুক্তির অন্তত ১ ঘন্টা পূর্বে অবমুক্তির স্থানে হাপায় মজুদ করতে হবে ।

খ. দরপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা প্রদান করতে হবেঃ

দরপত্রের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে।

ব্যর্থতায় দরপত্র অগ্রহণযোগ্য (Non Responsive) এবং বাতিল বলে গণ্য হবে এবং তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

১.পোনামাছ উৎপাদন/পোনামাছ বিক্রয় ব্যবসা পরিচালনার স্বপক্ষে যে কোন স্থানীয় সরকারের নিকট থেকে প্রাপ্ত ২০২৪-২০২৫ আর্থিক সালের নবায়নকৃত টেড লাইসেন্স অথবা মৎস্য অধিদপ্তর থেকে ইস্যুকৃত ২০২৪-২০২৫ আর্থিক সালে নবায়নকৃত হ্যাচারী লাইসেন্স।

গ. পোনা মাছ সরবরাহের শর্তাবলী এবং বিল পরিশোধঃ

নিম্নবর্নিত শর্তাবলী একমাত্র কর্তৃপক্ষের লিখিত আদেশের মাধ্যমে পরিবর্তন করতে পারবে। কিন্তু দরপত্রদাতা কর্তৃক কোন শর্ত আরোপ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

১.দরপত্র দাতাকে বর্ণিত পোনা মাছ সরবরাহ কাজের জন্য তার প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরপত্র আহবান করতে হবে।

২. উদ্বৃত্ত দরহার অংকে ও কথায় লিখতে হবে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হবে না প্রতি কেজি পোনা মাছের মূল্য পূর্ন টাকায় লিখতে হবে।

৩. কোটেশন খামে ভর্তি করে সিলগালা অবস্থায় নির্ধারিত সময়ের মধ্যে কোটেশন বাক্সে ফেলতে হবে ।কোটেশন দাতার কোটেশন প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে, খামের উপর দর দাতার নাম ঠিকানা ও কাজের প্যাকেজ নম্বর উল্লেখ করতে হবে।

৪. উদ্বৃত্ত দরহারের পোনা মাছের মূল্য সকল প্রকার ভ্যাট,ট্যাক্স,পরিবহন ,মুনাফা অন্তর্ভুক্ত থাকবে, কোনো পৃথক বিলের অর্থ পরিশোধ করা হবে না।

৫.সর্বনিম্ন গ্রহণযোগ্য মূল্যায়িত দরের সমতা হলে সেক্ষেত্রে লটারীর মাধ্যমে সফল দরদাতা নির্বাচন করা হবে।

৬.কার্যাদেশ বর্ণিত পরিমনের কম সংখ্যক পোনা মাছ সরবরাহ করা হলে আংশিক কোন বিল প্রদান করা হইবে না।

৭.নিম্নবর্ণিত কারণে কর্তৃপক্ষ লিখিত আদেশ এর মাধ্যমে যে কোন সময়ে কার্যাদেশ সম্পূর্ণ বা আংশিক বাতিল করতে পারবেন।

ক. যদি কোটেশন দাতা কার্যাদেশে বর্নিত সময়ের মধ্যে কারিগরী নির্দেশনা অনুযায়ী পোনা মাছ সরবরাহ করতে না পারেন।

খ. উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এবং কার্যাদেশ বর্ণিত যে কোন /অন্যান্য শর্তবলী পূরণে ব্যর্থ হলে।

গ. কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোটেশন দাতা কোন কারচুপি করে বা কারচুপির আশ্রয় গ্রহণ করে।

৮.পোনা মাছ সরবারহ সম্পন্ন করার পর কোটেশন দাতাকে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নিজস্ব প্যাডে ২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে।

৯. পোনামাছ সরবরাহের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে। আগ্রহী দরপত্র দাতাগণ বিস্তারিত তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে অফিসে যোগাযোগ করতে পারবেন।

১০. দরপত্র খোলার সময় দরপত্র দাতাগণ অথবা তাদের অনুমোদিত প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১১. কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য থাকবেন না এবং কোনোরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে না।

১২. এ দরপত্র Public procurement Act-২০০৬ এবং এতদসংক্রান্ত ppr-২০০৮ অনুসরণে বাস্তবায়িত হবে।

কোটেশন দাতার স্বাক্ষর

২৭/০৮/২৪

( সুরজিৎ পারিয়াল )
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ।